



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
web: www.ugc.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৭১.৪১.০০৩.২০.৩০৫

তারিখ: ৮ অগ্রহায়ণ ১৪২৮

২৩ নভেম্বর ২০২১

বিষয়: 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক ২০১৯'-এর জন্য মনোনয়ন আহবান।

অত্যন্ত আনন্দের সঙ্গে জানানো যাচ্ছে যে, 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক ২০১৯'-এর জন্য দেশের সকল পাবলিক এবং স্থায়ী সনদপ্রাপ্ত বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মেধাবী শিক্ষার্থীদের মনোনয়ন আহবান করা যাচ্ছে।

২। ১ জানুয়ারি ২০১৯ থেকে ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখের মধ্যে প্রকাশিত ফলাফলের ভিত্তিতে প্রধানমন্ত্রী স্বর্ণপদক নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মনোনয়ন প্রদান করতে হবে। উল্লেখ্য, বিশ্ববিদ্যালয় থেকে মনোনীত মেধাবী শিক্ষার্থীদের তালিকা প্রাপ্তির পর কমিশন কর্তৃপক্ষ চূড়ান্ত মনোনয়ন দিবেন।

৩। মনোনীত শিক্ষার্থী দ্বারা পূরণকৃত আবেদনপত্র এবং প্রত্যেক শিক্ষার্থীর জন্য বাংলা ও ইংরেজিতে স্ব-স্ব বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র (শিক্ষার্থীর নাম, বিশ্ববিদ্যালয়ের নাম, অনুষদের নাম, বিভাগের নাম, ডিগ্রির নাম ও ফলাফল প্রকাশের তারিখ উল্লেখপূর্বক) আগামী ২০-১২-২০২১ খ্রি. তারিখের মধ্যে পরিচালক, রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন, ইউজিসি, আগারগাঁও, ঢাকা-১২০৭ বরাবর হার্ডকপি ডাকযোগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

৪। মনোনীত শিক্ষার্থীকে ইউজিসি ওয়েবসাইট (www.ugc.gov.bd)-এ সম্মাননা সেবাবক্সের 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক' লিংকে 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক ২০১৯'-এর জন্য অনলাইন আবেদন ফরম অবশ্যই পূরণ করতে হবে।

বিষয়টি অতীব জরুরি।

সংযুক্তি: নীতিমালা ও নির্ধারিত ফরম (বর্ণনামতে)

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে

২৩-১১-২০২১

প্রকৌঃ মোহাম্মদ জিয়াউর রহমান

উপ-পরিচালক (স্কলারশিপ এন্ড ফেলোশিপ)

ফোন: +৮৮-০২-৫৮১৬০২৩০

ইমেইল: ziaiut96@ugc.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়/রাজশাহী বিশ্ববিদ্যালয়/বাংলাদেশ
কৃষি বিশ্ববিদ্যালয়/বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়/চট্টগ্রাম
বিশ্ববিদ্যালয়/জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়/ইসলামী বিশ্ববিদ্যালয়/
শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/খুলনা বিশ্ববিদ্যালয়/জাতীয়
বিশ্ববিদ্যালয়/বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়/বঙ্গবন্ধু শেখ মুজিব
মেডিকেল বিশ্ববিদ্যালয়/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি

বিশ্ববিদ্যালয়/হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/
 শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়/মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি
 বিশ্ববিদ্যালয়/পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/ঢাকা প্রকৌশল
 ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/
 চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/খুলনা প্রকৌশল ও প্রযুক্তি
 বিশ্ববিদ্যালয়/জগন্নাথ বিশ্ববিদ্যালয়/নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি
 বিশ্ববিদ্যালয়/জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়/কুমিল্লা
 বিশ্ববিদ্যালয়/চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়/
 সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়/যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/
 বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ (বিইউপি)/বেগম রোকেয়া
 বিশ্ববিদ্যালয়/পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/বঙ্গবন্ধু শেখ
 মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/বরিশাল বিশ্ববিদ্যালয়/
 বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়/রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি
 বিশ্ববিদ্যালয়/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয়/
 ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়/চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়/
 রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়/রবীন্দ্র বিশ্ববিদ্যালয়/বঙ্গবন্ধু শেখ
 মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি/শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়/
 খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়/বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান
 ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়/বঙ্গবন্ধু শেখ
 মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়;
 ২) রেজিস্ট্রার, আহহানউল্লা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ঢাকা;
 ৩) রেজিস্ট্রার, ইন্স-ওয়েস্ট ইউনিভার্সিটি, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৭১.৪১.০০৩.২০.৩০৫/১(৬)

তারিখ: ৮ অগ্রহায়ণ ১৪২৮

২৩ নভেম্বর ২০২১

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) একান্ত সচিব (উপ-সচিব), চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
- ২) উপ-পরিচালক/ সিস্টেম এনালিস্ট, ইনফরমেশন ম্যানেজমেন্ট শাখা, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি ওয়েবসাইটের সম্মাননা সেবাবক্তের 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক' লিংকে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো);
- ৩) সহকারী সচিব, সদস্য মহোদয়ের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা (পি ও), সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা (পি ও), রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশনস বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
- ৬) নথি/মহানথি।



২৩-১১-২০২১

মোঃ জাহিরুল ইসলাম
 সিনিয়র সহকারী সচিব